



স্মারক নং-বা:স্কা:(আন্তর্জাতিক - ২১৬/২০২২)/ ২৪৩৬ (শুধু)/২০২২


তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯
৭ ডিসেম্বর ২০২২

দ্বিতীয় আন্তর্জাতিক স্কাউট জামুরী

(মুসলিম স্কাউট ফেলোশিপ, ইংল্যান্ড)

ইংল্যান্ডের মুসলিম স্কাউট ফেলোশিপ (Muslim Scout Fellowship of UK) আগামী ২৭ - ৩০ জুলাই ২০২৩ পর্যন্ত দ্বিতীয় আন্তর্জাতিক স্কাউট জামুরী আয়োজন করবে। উক্ত জামুরীতে স্কাউট, রোভার স্কাউট, ইয়াং অ্যাডাল্ট ও অ্যাডাল্ট লিডারগণ অংশগ্রহণ করতে পারবেন। বর্ণিত জামুরীর বিস্তারিত তথ্য নিম্নরূপ :

ইভেন্টের নাম :	দ্বিতীয় আন্তর্জাতিক স্কাউট জামুরী
আয়োজক :	মুসলিম স্কাউট ফেলোশিপ, ইংল্যান্ড
তারিখ :	২৭ - ৩০ জুলাই ২০২৩
ভেন্যু :	কিব্যালস্টোন আন্তর্জাতিক স্কাউট ক্যাম্প সাইট, আউলটন, ইংল্যান্ড
স্কাউট :	কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজধারী। জন্ম : ৩০ জুলাই ২০০৭ থেকে ৮ জুলাই ২০১২ এর মধ্যে।
ইউনিট লিডার / অ্যাডাল্ট লিডার :	কমপক্ষে উডবাজ অর্জনকারী।
রোভার স্কাউট :	কমপক্ষে প্রশিক্ষণ স্তর।
ইয়াং অ্যাডাল্ট :	কমপক্ষে ইউনিট লিডার বেসিক কোর্স সম্পন্নকারী।
সম্ভাব্য ব্যয় :	কমবেশি =২,১০,০০০.০০ (দুই লক্ষ দশ হাজার) টাকা ব্যয় হবে। উল্লিখিত অর্থের মধ্যে রেজিস্ট্রেশন ফি, আবাসন, খাদ্য, ইংল্যান্ডে অভ্যন্তরীণ যাতায়াত ভাড়া, ভিসা ফি ও সার্ভিস চার্জ, ইনসুরেন্স, কন্টিনেন্টস কিটস অন্তর্ভুক্ত থাকবে। ডলার রেট ও বিমান ভাড়া বিবিধ কারণে অপ্রত্যাশিতভাবে উঠানামা করে। সুতরাং পরিবর্তিত পরিস্থিতি সাপেক্ষে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। উক্ত ব্যয়ের বিষয়ে বাংলাদেশ স্কাউটসের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
অর্থ জমা প্রদান :	চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পূর্বে আবেদনকারীদের বাংলাদেশ স্কাউটসে কোন অর্থ জমা প্রদান করতে হবে না। বাংলাদেশ স্কাউটসের আন্তর্জাতিক বিভাগ পরবর্তীতে অর্থ জমা প্রদানের তারিখ, পরিমাণ প্রভৃতি বিষয়ে লিখিতভাবে অবহিত করবে।
আবেদনপত্র জমা :	বাংলাদেশ স্কাউটসের সকল অঞ্চলকে স্কাউট, ইউনিট লিডার, অ্যাডাল্ট লিডার, রোভার স্কাউট ও ইয়াং অ্যাডাল্ট বাছাই করে করে অগ্রায়ণপত্রসহ আবেদনপত্র আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করার অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।


০৭.১২.২০২২
(কে এম সাইদুজ্জামান)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে:

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
- ২। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;
- ৩। সভাপতি/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
- ৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।